



# অধ্যায় ০৩

## মৌলের পর্যায়বৃত্ত ধর্ম ও রাসায়নিক বন্ধন

> ইঞ্জিনিয়ারিং ভর্তি পরীক্ষার জন্য এই অধ্যায়ের গুরুত্বপূর্ণ টাইপসমূহ:

গুরুত্ব	টাইপ	ভর্তি পরীক্ষায় যে বছর প্রশ্ন এসেছে	
		MCQ	Written
☆☆☆	Q. Type-01	BUET' 13-14, 12-13; KUET' 13-14; RUET' 14-15; BUTEX' 16-17; IUT' 11-12	BUET' 20-21, 13-14; KUET' 13-14, 04-05, RUET' 10-11, 07-08, 04-05; BUTEX' 06-07, 01-02
☆☆☆	Q. Type-02	BUET' 10-11; RUET' 14-15, 13-14; CUET' 10-11; BUTEX' 15-16, 14-15, 12-13, 11-12; IUT' 14-15	BUET' 18-19, 03-04; KUET' 19-20, 03-04; RUET' 09-10, 06-07, 04-05; BUTEX' 18-19
☆☆☆	Q. Type-03	BUET' 12-13, 11-12; KUET' 17-18; RUET' 12-13; CUET' 11-12, 10-11	BUET' 10-11, 02-03; BUTEX' 09-10
☆☆☆	Q. Type-04	BUET' 13-14; KUET' 17-18, 12-13; RUET' 14-15, 12-13, CUET' 14-15, 11-12; BUTEX' 13-14, 12-13; IUT' 16-17, 10-11	BUET' 19-20, 02-03, 00-01; RUET' 11-12
☆☆☆	Q. Type-05	BUET' 12-13, 10-11; CKRUET' 20-21; KUET' 13-14, 12-13; RUET' 13-14, 12-13; CUET' 10-11; BUTEX' 16-17; IUT' 20-21, 19-20, 17-18, 16-17, 14-15, 10-11	RUET' 05-06; CUET' 03-04; BUTEX' 18-19, 10-11
☆☆☆	Q. Type-06	BUET' 12-13, 11-12; CKRUET' 21-22; KUET' 16-17, 11-12; BUTEX' 15-16, 13-14, 12-13-11-12	BUET' 19-20, 02-03, 00-01; CUET' 03-04; BUTEX' 04-05-03-04
☆☆	Q. Type-07	KUET' 10-11; BUTEX' 16-17, 12-13; IUT' 17-18	BUET' 18-19, 03-04
☆☆☆	Q. Type-08	BUET' 13-14, 12-13, 10-11; CKRUET' 20-21; KUET' 15-16, 13-14; BUTEX' 16-17, 15-16, 14-15, 10-11; IUT' 21-22, 19-20, 11-12	BUET' 18-19, 16-17, 07-08, 05-06, 03-04, 02-03, 00-01; CUET' 03-04; BUTEX' 20-21, 18-19, 07-08, 06-07, 05-06, 03-04, 02-03
☆☆☆	Q. Type-09	BUET' 10-11; KUET' 13-14, 12-13, 10-11, 09-10; RUET' 13-14, 11-12, 10-11; BUTEX' 13-14, 11-13	BUET' 18-19, 17-18, 10-11, 07-08, 04-05, 03-04; KUET' 10-11, 05-06, 04-05, 03-04; RUET' 11-12, 10-11, 09-10, 08-09, 07-08, 03-04; CUET' 06-07, 05-06, 04-05, 03-04;
☆☆☆	Q. Type-10	KUET' 11-12, 10-11; BUTEX' 12-13 IUT' 14-15	BUET' 17-18, 12-13, 10-11, 09-10, 08-09, 06-07, 05-06, 04-05, 02-03, 00-01; KUET' 03-04; RUET' 19-20, 18-19, 15-16, 12-13, 11-12, 10-11, 09-10, 08-09, 06-07, 04-05; CUET' 13-14, 07-08, 06-07, 05-06, 03-04; BUTEX' 10-11, 09-10, 06-07, 04-05, 03-04





## Question Type-01: পর্যায় সারণিতে মৌলের অবস্থান নির্ণয়

## Concept:

◆ মৌলের পর্যায় নির্ণয়: মৌলের সর্বাধিক প্রধান কোয়ান্টাম সংখ্যা (n) তার পর্যায় নির্দেশক।

◆ আধুনিক নিয়মে মৌলের গ্রুপ নির্ণয়:

s- ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = সর্ববহিঃস্থ শক্তিস্তরের ইলেকট্রন সংখ্যা

p- ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = সর্ববহিঃস্থ শক্তিস্তরের মোট ইলেকট্রন সংখ্যা (ns এবং np এর  $e^-$  এর যোগফল) +10

d- ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = (n - 1) d+ns উপস্তরের মোট ইলেকট্রনের সংখ্যা

f- ব্লক মৌলগুলোর ক্ষেত্রে গ্রুপ সংখ্যা = 3

## MCQ

01. একটি মৌলের যোজ্যতাস্তরে ছয়টি ইলেকট্রন আছে। মৌলটি চতুর্থ পর্যায়ে অবস্থিত। মৌলটির প্রতীক কি? [Ans: d][BUTEX'16-17]  
 (a) P (b) S (c) As (d) Se
02. নিম্নের ইলেকট্রন বিন্যাস থেকে Cr(24) সনাক্ত কর। [Ans: a][RUET'14-15]  
 (a)  $[Ar]3d^5 4s^1$  (b)  $[Ar]3d^5$  (c)  $[Ar]3d^6$  (d)  $[Ar]3d^4 4s^2$  (e) None
03. যে মৌলের বহিঃস্থ স্তরের ইলেকট্রন বিন্যাস  $3d^2 4s^2$  সে মৌলটির পর্যায় সারণিতে অবস্থান- [BUET'13-14]  
 (a) Gr- II A (b) Gr- II B (c) Grp- IV A (d) Gr- IV B  
 সমাধান: (d);  $2 + 2 = 4$  and d-block so Group - IVB
04. একটি পরমাণুর বহিঃস্থ স্তরের ইলেকট্রনীয় কাঠামো  $...3d^5 4s^1$ । পর্যায় সারণিতে মৌলটির অবস্থান কোনটি? [KUET'13-14]  
 (a) Group IA, Period 3 (b) Group IB, Period 4 (c) Group IVA, Period 4  
 (d) Group IVA, Period 3 (e) Group VIB, Period 4  
 সমাধান: (e);  $(5 + 1) = 6$ ; যেহেতু  $e^-$  d তে প্রবেশ  $\rightarrow$  তাই B সাব গ্রুপ
05. পর্যায় সারণীর 8<sup>র্থ</sup> পিরিয়ডের IIA গ্রুপে উপস্থিত মৌলটির ইলেকট্রন বিন্যাস হল- [Ans: a] [BUET'12-13]  
 (a)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^2$  (b)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 4s^2 3d^2$   
 (c)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6$  (d) None of the above
06. পর্যায় সারণীর কোন গ্রুপে গুলোতে ধাতু ও অধাতু উভয়ই রয়েছে? [Ans: c] [BUET'12-13]  
 (a) IA, IIA, IIIA, IVA (b) IIA, IIIA, IVA, VA  
 (c) IIIA, IVA, VA, VIA (d) IIA, IVA, VA, VIIA
07. The electronic configuration of an element is given as:  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$ . The position of the element in the periodic table is- [IUT'11-12]  
 (a) IA; 4<sup>th</sup> (b) IB; 4<sup>th</sup> (c) VIB; 4<sup>th</sup> (d) VIB; 3<sup>rd</sup>  
 Solution: (c); Cr (24):  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$   
 The highest principal quantum number of Cr is 4. Thus, Cr is in 4<sup>th</sup> period. Cr is a d-block element. So, group =  $5 + 1 = 6$  (VIB)

## Written

08. নিম্নোক্ত পারমাণবিক সংখ্যা বিশিষ্ট মৌলসমূহের ইলেকট্রন বিন্যাস দেখাও এবং পর্যায় সারণিতে অবস্থান নির্ণয় কর। [BUET'20-21]  
 (a) 38 (b) 54.  
 সমাধান: (a);  ${}_{38}\text{Sr} \rightarrow [Kr]5s^2$  এবং পর্যায় সারণিতে এটির অবস্থান: পর্যায়: 5; গ্রুপ: 2  
 (b)  ${}_{54}\text{Xe} \rightarrow [Kr]4d^{10} 5s^2 5p^6$  এবং পর্যায় সারণিতে এটির অবস্থান: পর্যায়: 5; গ্রুপ: 18
09. The element which has outermost shell electronic configuration  $3d^2 4s^2$  belongs to- [BUET'13-14]  
 (a) Gr-II A (b) Gr-II B (c) Gr-IV A (d) Gr-IV B  
 Solution: (d);  $2 + 2 = 4$  and d-block so Group - IVB





10. The outermost electronic configuration of an element is  $3d^5 4s^1$ . What is the position of the element in the periodic table? [KUET'13-14]

- (a) Group IA, Period 3 (b) Group IB, Period 4 (c) Group IVA, Period 4  
(d) Group IVA, Period 3 (e) Group VIB, Period 4

Solution: (e);  $(5 + 1) = 6$ ; যেহেতু  $e^-$  d তে প্রবেশ  $\rightarrow$  তাই B সাব গ্রুপ

11. পর্যায় সারণিতে নির্বাচিত মৌলগুলোর অবস্থান লিখ। [RUET'10-11]

- (a) As (b) Hg (c) Os (d) Xe (e) Pb

সমাধান: পুরাতন নিয়ম:

- (a) As : চতুর্থ পর্যায়, গ্রুপ VA (b) Hg : ষষ্ঠ পর্যায়, গ্রুপ IIB  
(c) Os : ষষ্ঠ পর্যায়, গ্রুপ VIII (d) Xe : পঞ্চম পর্যায়, শূন্য গ্রুপ  
(e) Pb : ষষ্ঠ পর্যায়, গ্রুপ IVA

নতুন নিয়ম:

- (a) As:  $[Ar] 3d^{10} 4s^2 4p^3$  Period: 4 Group: 15  
(b) Hg:  $[Xe] 4f^{14} 5d^{10} 6s^2$  Period: 6 Group: 12  
(c) Os:  $[Xe] 4f^{14} 5d^6 6s^2$  Period: 6 Group: 8  
(d) Xe:  $[Kr] 3d^{10} 4s^2 4p^6$  Period: 5 Group: 18  
(e) Pb:  $[Xe] 4f^{14} 5d^{10} 6s^2 6p^2$  Period: 6 Group: 14

12. পর্যায় সারণিতে অবস্থান দেখাও। (Cu, Mn, Ti, Xe, Ni) [RUET'07-08]

সমাধান: Cu, Mn, Ti, Xe, Ni

পুরাতন নিয়ম:	নতুন নিয়ম:
Cu(29) $\rightarrow$ ৪র্থ পর্যায়, Gr IB	(a) As: $[Ar] 3d^{10} 4s^2 4p^3$ Period: 4 Group: 15
Mn(25) $\rightarrow$ ৪র্থ পর্যায়, Gr VIIB	(b) Hg: $[Xe] 4f^{14} 5d^{10} 6s^2$ Period: 6 Group: 12
Ti(22) $\rightarrow$ ৪র্থ পর্যায়, Gr IVB	(c) Os: $[Xe] 4f^{14} 5d^6 6s^2$ Period: 6 Group: 8
Xe(54) $\rightarrow$ ৫ম পর্যায়, শূন্য হচ্ছে গ্রুপ 0	(d) Xe: $[Kr] 3d^{10} 4s^2 4p^6$ Period: 5 Group: 18
Ni(28) $\rightarrow$ ৪র্থ পর্যায়, Gr VIII	(e) Pb: $[Xe] 4f^{14} 5d^{10} 6s^2 6p^2$ Period: 6 Group: 14

13. পর্যায় সারণির গ্রুপ উল্লেখ করে নিম্নের ধাতু সমূহকে ক্ষার-ধাতু, মৃত্তিকা ক্ষারধাতু এবং অবস্থান্তর ধাতুতে শ্রেণীভুক্ত কর: Ba, Ca, Li, K, Fe ও Ni। [BUTEX'06-07]

সমাধান:

Ba $\rightarrow$ গ্রুপ 2	ষষ্ঠ পর্যায়	মৃৎক্ষার ধাতু
Ca $\rightarrow$ গ্রুপ-2	চতুর্থ পর্যায়	মৃৎক্ষার ধাতু
Li $\rightarrow$ গ্রুপ-1	দ্বিতীয় পর্যায়	ক্ষার ধাতু
K $\rightarrow$ গ্রুপ-1	চতুর্থ পর্যায়	ক্ষার ধাতু
Fe $\rightarrow$ গ্রুপ-8	চতুর্থ পর্যায়	অবস্থান্তর ধাতু
Ni $\rightarrow$ গ্রুপ-10	চতুর্থ পর্যায়	অবস্থান্তর ধাতু

14. নিম্নলিখিত মৌলগুলির পর্যায় সারণির কোন কোন শ্রেণীতে আছে তাহা লিখ। [KUET'04-05]

- (a) সিলিকন ৩য় পর্যায়, গ্রুপ IVA (b) জারকোনিয়াম ৫ম পর্যায়, গ্রুপ IVB  
(c) রেডিয়াম ৭ম পর্যায়, গ্রুপ IIA (d) ওসমিয়াম ৬ষ্ঠ পর্যায় গ্রুপ VIII  
(e) হ্যাসিয়াম ৭ম পর্যায়, গ্রুপ VIII





15. পর্যায় সারণিতে নিম্নবর্ণিত মৌলগুলোর অবস্থান লিখ।

[RUET'04-05]

সমাধান:

(i) Li পর্যায় - ২য় - গ্রুপ -1

(ii) Ca পর্যায় - ৪র্থ - গ্রুপ-2

(iii) Sn পর্যায় - ৫ম - গ্রুপ -14

(iv) Ba পর্যায় - ৬ষ্ঠ - গ্রুপ -2

(v) Cl পর্যায় - ৩য় - গ্রুপ -17

16. পর্যায় সারণিতে নিম্নোক্ত মৌলসমূহের পর্যায় এবং গ্রুপ উল্লেখ কর:

[BUTEX'01-02]

(a) Mn (25)

(b) I (53)

(c) Rb (37)

(d) Cd (48)

(e) Rn (86)

(f) Pt (78)

সমাধান:

পুরাতন নিয়ম:

(a) ৪র্থ পর্যায়, VIIB গ্রুপ

(b) ৫ম পর্যায়, VIIA গ্রুপ

(c) ৫ম পর্যায়, IA গ্রুপ

(d) ৫ম পর্যায়, IIB গ্রুপ

(e) ৬ষ্ঠ পর্যায়, শূন্য গ্রুপ

(f) ৬ষ্ঠ পর্যায়, VIII গ্রুপ

নতুন নিয়ম:

(a) Mn:  $[Ar]3d^54s^2$ 

পর্যায়-4

গ্রুপ-7

(b) I:  $[Kr] 4d^{10}5s^25p^5$ 

পর্যায়-5

গ্রুপ-17

(c) Rb:  $[Kr] 5s^1$ 

পর্যায়-5

গ্রুপ-1

(d) Cd:  $[Kr] 4d^{10}5s^2$ 

পর্যায়-5

গ্রুপ-12

(e) Rn:  $[Xe] 4f^{14} 5d^{10}6s^26p^6$ 

পর্যায়-6

গ্রুপ-18

(f) Pt:  $[Xe] 4f^{14} 5d^96s^1$ 

পর্যায়-6

গ্রুপ-10

### Question Type-02: বিভিন্ন গ্রুপের সাধারণ ধর্ম

#### Concept:

#### ♦ s ব্লকের সাধারণ ধর্মাবলি:

- ক্ষার ধাতুগুলোর জারণ সংখ্যা +1 ( $Na^+, K^+$ )।
- ক্ষার ধাতুগুলো তীব্র তড়িৎ ধনাত্মক মৌল।
- এদের আয়নীকরণ বিভবের মান খুবই কম।
- এরা অত্যন্ত সক্রিয়। এরা এতই সক্রিয় যে Na, K পানির সংস্পর্শে এলেই আগুন ধরে যায়।
- অধাতুর সঙ্গে এর আয়নিক যৌগ গঠন করে।  $Na \rightarrow Na^+ + e^-$
- একই ধর্মগুলো মৃৎক্ষার ধাতুর ক্ষেত্রেও প্রযোজ্য। মৃৎক্ষারসমূহের পরমাণুর বহিঃস্তরে ২ টি ইলেকট্রন ( $ns^2$ ) থাকায় এদের জারণ সংখ্যা +2। এরাও আয়নিক যৌগ গঠন করে, তবে ক্ষার ধাতুর তুলনায় এদের আয়নীকরণ বিভবের মান উচ্চ। তড়িৎধনাত্মকতা ও সক্রিয়তা কম।

#### Group -1 (IA):

- সাধারণ  $e^-$  বিন্যাস:  $ns^1$ ।
- অন্তর্ভুক্ত মৌল: H, Li, Na, K, Rb, Cs, Fr (হায়। লিনা কে রুবি ছুয়ে ফেলেছে)
- এদেরকে ক্ষার ধাতু বলে।

#### Group -2 (IIA):

- অন্তর্ভুক্ত মৌল: বিরিয়ানি মোগলাই কাবাব সরিয়ে বাটিতে রাখ
- |    |    |    |    |    |    |
|----|----|----|----|----|----|
| ↓  | ↓  | ↓  | ↓  | ↓  | ↓  |
| Be | Mg | Ca | Sr | Ba | Ra |
- এদেরকে মৃৎক্ষারীয় ধাতু বলা হয়। এদের ভৌত ধর্ম অনেকটা গ্রুপ-1 এর ধাতুসমূহের অনুরূপ।
  - সাধারণ যোজ্যতাস্তরের  $e^-$  বিন্যাস:  $ns^2$ ।






♦ p ব্লকের সাধারণ ধর্মাবলি:

- p ব্লক মৌল সমূহের বহিঃস্তরে ইলেকট্রনীয় কাঠামো  $ns^2np^1$  থেকে  $ns^2np^6$  হওয়ায় মৌলগুলোর জারণ অবস্থা যেমনি +3 থেকে +7 হয় (Gr 13 – 17), তেমনি -4 থেকে -1 (Gr 14 – 17) এমনকি '0' হয় (Gr 18)।
- অধিকাংশ মৌল তড়িৎ ঋণাত্মক অধাতব মৌল। বিশেষ করে পর্যায়ের ডান দিকের Gr 15, 16 ও 17 এর উপরের দিকের মৌলগুলো অধাতু এবং পর্যায়ের বামের Gr 13 এবং 14 এর নিচের মৌলগুলো (পর্যায়সারণি দ্রষ্টব্য) ধাতু। রয়েছে কিছু উপধাতুও (As, Se, Te)। বৈচিত্র্যময় p-ব্লকের Gr 18 এর অন্তর্ভুক্ত মৌলগুলো আবার নিষ্ক্রিয় এবং তড়িৎ নিরপেক্ষ অধাতু।
- অধাতব মৌলগুলো তাপ ও তড়িৎ অপরিবাহী। তবে ধাতু ও গ্রাফাইট (C) তড়িৎ পরিবাহী।
- p-ব্লকভুক্ত ধাতুভুক্ত ধাতুসমূহ (Al, Pb---) বিজারণধর্মী এবং অধাতুগুলো (O, S, P) জারক।
- এদের যৌগগুলো প্রধানত বর্ণহীন বা সাদা।
- p-ব্লক অন্তর্ভুক্ত অধাতুগুলো নিজেদের মধ্যে সমযোজী ও সন্নিবেশ ( $NO_2, SO_3$ ) এবং ধাতুর সঙ্গে আয়নিক যৌগ গঠন করে।
- এদের আয়নিকরণ শক্তি p-ব্লক মৌল অপেক্ষা বেশি। ইলেকট্রন আসক্তি এবং তড়িৎ ঋণাত্মকতার মানও এদের উচ্চ।
- p-ব্লকভুক্ত অধাতব অক্সাইডগুলো অম্লধর্মী ( $NO_2, SO_2, SO_3, P_2O_5$ ) তবে ধাতুর মধ্যে Al, Pb এবং Sn এর অক্সাইডসমূহ উভধর্মী।
- এ ব্লকের হ্যালোজেনগুলো যেমনি পর্যায়সারণির সর্বাধিক সক্রিয় অধাতু (F, Cl, Br) তেমনি আবার নিজেদের মধ্যে সংযোগ দ্বারা এরা কিছু বিশেষ যৌগ গঠন করে যাদের নাম আন্তঃহ্যালোজেন যৌগ ( $IF_7, BrF_5, ClF_3, ICl$ )।

**Group-13 (IIIA):**


- ♦ অন্তর্ভুক্ত মৌল: (বাংলাদেশের আলমগীর গেল ইন্ডিয়ার ট্যুরে নাচতে)



- সাধারণ যোজ্যতাস্তরের  $e^-$  বিন্যাস:  $ns^2np^1$ ।

**Group-14 (IVA):**

- ♦ অন্তর্ভুক্ত মৌল: (কাল সিলেট গেলে সোনিয়া পাবনায় ফিরবে)



- ♦ সাধারণ  $e^-$  বিন্যাস:  $ns^2np^2$ ।

**Group-15 (VA):**

অন্তর্ভুক্ত মৌল: N, P, As, Sb, Bi, Mc (নাফিজা আছে আন্টির বাসায় মস্কোতে)


- বহিঃস্তরে ইলেকট্রন বিন্যাস:  $ns^2np^3$ ।

**Group-16 (VIA):**

- অন্তর্ভুক্ত মৌল: O, S, Se, Te, Po এবং Lv (ও এস.এস.সি তে পড়লেই লাভ) এবং সাধারণ ইলেকট্রন বিন্যাস:  $ns^2np^4$ ।

**Group-17 (VIIA)**

- অন্তর্ভুক্ত মৌল: F(9), Cl(17), Br(35), I(53), At(85), Ts(117) (ফেল করলাম ব্রো আইডিবিতে আনতে তোকে)



- সাধারণ ইলেকট্রন বিন্যাস:  $ns^2np^5$

**Group-18 (0):**

- অন্তর্ভুক্ত মৌল: He, Ne, Ar, Kr, Xe, Rn, Og

- সাধারণ ইলেকট্রন বিন্যাস:  $ns^2np^6$  (Helium ব্যতীত)





## MCQ

01. পর্যায় সারণির কোন ব্লকে অধাতুকে স্থান দেওয়া হয়েছে?  
 (a) s-block (b) p-block (c) d-block (d) f-block [Ans: b][BUTEX'15-16]
02. নিচের কোনটি IIIB গ্রুপের বহিঃস্থ স্তরের ইলেকট্রনিক গঠন?  
 (a)  $(n-1)^{10}ns^{-1}$  (b)  $(n-1)d^1ns^2$  (c)  $(n-1)d^{10}ns^2$  (d)  $(n-1)d^9ns^1$  (e) None [Ans: b] [RUET'14-15]
03. কোনটি বিরল মৃত্তিকা মৌল?  
 (a) Zn (b) La (c) Cu (d) Ca [BUTEX'14-15]  
 সমাধান: (b); বিরল মৃত্তিকা মৌল হল Lanthanoids মৌল।
04. Which group of periodic table has the lowest number of s-block elements?  
 (a) Gr-1(I-A) (b) Gr-2(II-A) (c) Gr-11(I-B) (d) Gr-18(VIII-A) [IUT'14-15]  
 সমাধান: (c); Groups-1 এ s block element আছে 7 টি  
 Groups-2 এ s block element আছে 6 টি  
 Groups-18 এ s block element আছে 1 টি  
 কিন্তু, Groups-11 এ s block element নেই
05. ল্যান্থানাইড সিরিজ ও অ্যাকটিনাইড সিরিজে মোট মৌলের সংখ্যা কত?  
 (a) 15 (b) 20 (c) 25 (d) 30 (e) None [Ans: d] [RUET'13-14]
06. পর্যায় সারণীর কোন গ্রুপটি তীব্র জারক?  
 (a) IA (b) IIA (c) VA (d) VIIA [Ans: d] [BUTEX'12-13]
07. ক্ল্যাথরেট বা অবরোধ যৌগ গঠন করে-  
 (a) নিষ্ক্রিয় গ্যাসসমূহ (b) অবস্থান্তর মৌলসমূহ (c) বিরল মৃত্তিকা ধাতু (d) ক্ষারধাতু [Ans: a] [BUTEX'11-12]
08. নিচের কোন মৌলটি f-ব্লক মৌল নয়?  
 (a) Ce (b) Th (c) Np (d) Sm [Ans: b] [BUET'10-11]  
 সমাধান: Th এর সর্বশেষ  $e^-$  টি কোন বহিঃস্থ f অরবিটালে প্রবেশ করে নাই। ( $5f^06d^27s^2$ )
09. গ্রুপ-IIIA এর মৌলসমূহের সর্ববহিঃস্থ শক্তি স্তরের ইলেক্ট্রন বিন্যাস হলঃ  
 (a)  $ns^2np^4$  (b)  $ns^2np^2$  (c)  $ns^2np^1$  (d) None of these [Ans: c] [CUET'10-11]
10. আধুনিক পর্যায় সারণিতে বোরনের সাথে তীর্থক সম্পর্ক আছে কোন্ মৌলটির?  
 (a) Silicon (b) Magnesium (c) Photoshorous (d) None of these [Ans: a][CUET'10-11]

## Written

11. P, Q, R এবং S একই পর্যায়ের চারটি মৌল যার মধ্যে P এবং Q s-ব্লকভুক্ত। Q এবং S বিক্রিয়া করে  $Q^+S^-$  গঠন করে। R এবং S যুক্ত হয়ে  $RS_2$  সমযোজী যৌগ উৎপন্ন করে। [KUET'19-20]
- (i) মৌলগুলো কোন কোন গ্রুপে অবস্থিত-ব্যাখ্যা সহ লিখ।  
 (ii) P এবং S দ্বারা গঠিত যৌগটির সংকেত ও প্রকৃতি লিখ।  
 (iii) Q এবং R দ্বারা গঠিত যৌগের সংকেত ও প্রকৃতি লিখ।
- সমাধান: (i)  $Q^+S^-$  গঠনের সময় Q ও S একক চার্জযুক্ত ক্যাটায়ন ও অ্যানায়ন তৈরি করে। তাহলে Q গ্রুপ 1 এবং S গ্রুপ 17 তে থাকবে। একই পর্যায়ে s ব্লকে কেবল দুইটি মৌল থাকে। তাহলে P গ্রুপ 2 এ অবস্থিত।  
 R, S এর সাথে  $RS_2$  তৈরি করে। অর্থাৎ R এর যোজ্যতাস্তরে নিষ্ক্রিয় গ্যাসের চেয়ে 2 টি  $e^-$  কম। তাহলে R গ্রুপ 16 এ অবস্থিত।  
 (ii) P, S দ্বারা গঠিত যৌগ  $PS_2$ । এটি আয়নিক।  
 (iii) Q, R দ্বারা গঠিত যৌগ  $Q_2R$ । এটি আয়নিক।





12. নিম্নলিখিত মৌলসমূহকে সক্রিয়তার নিম্নতর ক্রমানুসারে সাজাও।

[BUET'18-19]

K, Na, Cs, Rb, Li

সমাধান: Cs > Rb > K > Na > Li

গ্রুপ-1 এর মৌলসমূহের আকার যত বৃদ্ধি পায় তত e<sup>-</sup> দান করা সহজ হয় বলে সক্রিয়তা বাড়ে।

$\begin{array}{c} \text{Li} \\ \text{Na} \\ \text{K} \\ \text{Rb} \\ \text{Cs} \end{array}$ 
 আকার বাড়লে সক্রিয়তা বাড়ে

13. H<sub>2</sub>O এর সাথে CCl<sub>4</sub> ও SiCl<sub>4</sub> এর বিক্রিয়া লিখ।

[BUTEX'18-19]

সমাধান: CCl<sub>4</sub> + H<sub>2</sub>O → No reaction

SiCl<sub>4</sub> + H<sub>2</sub>O → Si(OH)<sub>4</sub> + 4HCl (এখানে, Si(OH)<sub>4</sub> প্রকৃতপক্ষে হল H<sub>4</sub>SiO<sub>4</sub> অর্থাৎ সিলিসিক এসিড)

C এ কোনো ফাঁকা d অরবিটালে নেই কিন্তু s এ ফাঁকা d অরবিটাল আছে বলে CCl<sub>4</sub> এ আর্দ্রবিশ্লেষিত হয় না কিন্তু SiCl<sub>4</sub> আর্দ্রবিশ্লেষিত হয়।

14. অভিজাত গ্যাসগুলি কী কী? তাদের বাস্তব প্রয়োগ লিখ।

[RUET'09-10]

সমাধান: নিষ্ক্রিয় গ্যাসগুলো হল অভিজাত গ্যাস। এগুলো হল হিলিয়াম, নিয়ন, আর্গন, ক্রিপটন, জেনন ও রেডন।

ব্যবহারঃ (i) নিষ্ক্রিয় পরিবেশ সৃষ্টিতে ব্যবহৃত হয়।

(ii) গাইগার-মুলার কাউন্টারে আর্গন ব্যবহৃত হয়।

(iii) ক্যাম্পার প্রতিরোধে রেডন ব্যবহৃত হয়।

15. সক্রিয়তার উচ্চ ক্রমানুসারে নিষ্ক্রিয় গ্যাসসমূহকে সাজাও।

[RUET'06-07]

সমাধান: He < Ne < Ar < Kr < Xe < Rn

16. নিষ্ক্রিয় গ্যাস কয়টি? নাম ও সংকেত লিখ। যে কোন তিনটির ইলেকট্রন বিন্যাস দেখাও।

[RUET'04-05]

সমাধান: নিষ্ক্রিয় গ্যাস মোট ৬টি

নাম	সংকেত	ইলেকট্রন বিন্যাস
হিলিয়াম	He	He (2) = 1s <sup>2</sup>
নিয়ন	Ne	Ne (10) = 1s <sup>2</sup> 2s <sup>2</sup> 2p <sup>6</sup>
আর্গন	Ar	Ar (18) = 1s <sup>2</sup> 2s <sup>2</sup> 2p <sup>6</sup> 3s <sup>2</sup> 3p <sup>6</sup>
ক্রিপটন	Kr	
জেনন	Xe	
রেডন	Rn	

17. নিচের মৌলগুলোর ইলেকট্রন বিন্যাস লিখ।

[BUET'03-04]

(i) প্রতিনিধিত্ব মৌল ns<sup>(1-2)</sup> np<sup>(1-6)</sup>

(ii) অবস্থান্তর মৌল (n-1)d<sup>1-10</sup> ns<sup>1-2</sup>

(iii) নিষ্ক্রিয় গ্যাস ns<sup>2</sup> np<sup>6</sup> [He ব্যতীত]

18. হ্যালোজেন বলতে কী বুঝায়? গ্রুপ VIIA এর হ্যালোজেন মৌলসমূহের ইলেকট্রন বিন্যাস দেখাও।

[KUET'03-04]

সমাধান: হ্যালোজেনঃ ফ্লোরিন, ক্লোরিন, ব্রোমিন, আয়োডিন এ চারটি মৌলকে হ্যালোজেন বলা হয়। হ্যালোজেন শব্দের অর্থ সামুদ্রিক লবণ উৎপাদনকারী। সমুদ্রের পানিতে ক্লোরিন (Cl) ব্রোমিন (Br), আয়োডিন (I) পাওয়া যায়। ফ্লোরিনের সোডিয়াম লবণের সাথে সামুদ্রিক লবণ NaCl এর মিল রয়েছে। এজন্য এ চারটি মৌলকে একত্রে হ্যালোজেন বলে।

F(9) → 1s<sup>2</sup>2s<sup>2</sup>2p<sup>5</sup>

Cl (17) → 1s<sup>2</sup>2s<sup>2</sup>2p<sup>6</sup>3s<sup>2</sup>3p<sup>5</sup>

Br(35) → 1s<sup>2</sup>2s<sup>2</sup>2p<sup>6</sup>3s<sup>2</sup>3p<sup>6</sup>3d<sup>10</sup>4s<sup>2</sup>4p<sup>5</sup>

I(53) → 1s<sup>2</sup>2s<sup>2</sup>2p<sup>6</sup>3s<sup>2</sup>3p<sup>6</sup>3d<sup>10</sup>4s<sup>2</sup>4p<sup>6</sup>4d<sup>10</sup>5s<sup>2</sup>5p<sup>5</sup>





## Question Type-03: অক্সাইড

## Concept:

অক্সাইডের নাম	উদাহরণ	বিক্রিয়া
(১) অম্লীয় অক্সাইড (Acidic oxide)	$\text{CO}_2, \text{SO}_2, \text{SO}_3, \text{NO}_2,$ $\text{N}_2\text{O}_5, \text{P}_2\text{O}_5$ ইত্যাদি।	$\text{H}_2\text{O} + \text{CO}_2 = \text{H}_2\text{CO}_3$ পানি কার্বন ডাই অক্সাইড কার্বনিক এসিড $\text{SO}_2 + 2\text{KOH} = \text{K}_2\text{SO}_3 + \text{H}_2\text{O}$ (ক্ষারক) (লবণ) (পানি)
(২) ক্ষারকীয় অক্সাইড (Basic oxide)	$\text{Na}_2\text{O}, \text{K}_2\text{O}, \text{CuO},$ $\text{FeO}, \text{CaO}, \text{MgO}$ ইত্যাদি	$\text{Na}_2\text{O} + 2\text{HCl} = 2\text{NaCl} + \text{H}_2\text{O}$ (এসিড) (লবণ) (পানি) $\text{Na}_2\text{O} + \text{H}_2\text{O} = 2\text{NaOH}$ (পানি) (ক্ষার)
(৩) নিরপেক্ষ অক্সাইড (Neutral oxide)	$\text{H}_2\text{O}, \text{CO}, \text{N}_2\text{O}, \text{NO}$ ইত্যাদি	
(৪) উভধর্মী অক্সাইড (Amphoteric oxide)	$\text{ZnO}, \text{Al}_2\text{O}_3, \text{SnO}_2,$ $\text{PbO}, \text{PbO}_2$ ইত্যাদি	ক্ষারক হিসেবে: $\text{ZnO} + 2\text{HCl} = \text{ZnCl}_2 + \text{H}_2\text{O}$ (ধাতুর অক্সাইড) (এসিড) (লবণ) (পানি) অম্ল হিসেবে: $\text{ZnO} + 2\text{NaOH} = \text{Na}_2\text{ZnO}_2 + \text{H}_2\text{O}$ (ধাতুর অক্সাইড) (ক্ষার) (সোডিয়াম জিক্লেট) (পানি)
(৫) পার-অক্সাইড (Peroxide)	$\text{Na}_2\text{O}_2, \text{BaO}_2$ ইত্যাদি	$\text{Na}_2\text{O}_2 + \text{H}_2\text{SO}_4 = \text{H}_2\text{O}_2 + \text{Na}_2\text{SO}_4$ (হাইড্রোজেন পার-অক্সাইড) $\text{BaO}_2 + 2\text{HCl} = \text{H}_2\text{O}_2 + \text{BaCl}_2$
(৬) পলি-অক্সাইড (Polyoxide):	$\text{PbO}_2, \text{MnO}_2$ ইত্যাদি	$2\text{PbO}_2 + 2\text{H}_2\text{SO}_4 = 2\text{PbSO}_4 + \text{O}_2 + 2\text{H}_2\text{O}$ $\text{MnO}_2 + 4\text{HCl} = \text{MnCl}_2 + \text{Cl}_2 + 2\text{H}_2\text{O}$
(৭) সাব-অক্সাইড (Suboxide):	$\text{Pb}_2\text{O}$	
(৮) সুপার অক্সাইড (Super oxide)	$\text{KO}_2$	
(৯) যুগ্ম বা মিশ্র অক্সাইড (Compound or Mixed oxide)	$\text{Fe}_3\text{O}_4$ ( $\text{FeO}$ ও $\text{Fe}_2\text{O}_3$ এর মিশ্রণ), $\text{Pb}_3\text{O}_4$ ( $2\text{PbO}$ ও $\text{PbO}_2$ এর মিশ্রণ), $\text{Mn}_3\text{O}_4$ ( $2\text{MnO}$ ও $\text{MnO}_2$ এর মিশ্রণ) ইত্যাদি	





## ২য় ও ৩য় পর্যায়ের মৌলের অক্সাইড

সমযোজী বৈশিষ্ট্যের বৃদ্ধির ক্রম

অম্লধর্মের বৃদ্ধির ক্রম

	1	2	13	14	15	16	17
আয়নিক বৈশিষ্ট্যের বৃদ্ধির ক্রম ক্ষারধর্মের বৃদ্ধির ক্রম	Li (ধাতু) Li <sub>2</sub> O (সবল ক্ষার)	Be (ধাতু) BeO (উভধর্মী)	B (অধাতু) B <sub>2</sub> O <sub>3</sub>	C (অধাতু) CO <sub>2</sub>	N (অধাতু) N <sub>2</sub> O <sub>5</sub>		
	Na (ধাতু) Na <sub>2</sub> O সবল ক্ষার	Mg (ধাতু) MgO (দুর্বল ক্ষারক)	Al (ধাতু) Al <sub>2</sub> O <sub>3</sub> (উভধর্মী)	Si (অধাতু) SiO <sub>2</sub> (মৃদুঅম্লীয়)	P (অধাতু) P <sub>4</sub> O <sub>10</sub> P <sub>4</sub> O <sub>6</sub>	S (অধাতু) SO <sub>3</sub> SO <sub>2</sub>	Cl (অধাতু) Cl <sub>2</sub> O <sub>7</sub> Cl <sub>2</sub> O

সবল অম্লধর্মী অক্সাইড

## MCQ

01. Mn<sub>2</sub>O<sub>7</sub>, CO<sub>2</sub>, CrO<sub>3</sub>, Cr<sub>2</sub>O<sub>3</sub>, V<sub>2</sub>O<sub>5</sub> and V<sub>2</sub>O<sub>4</sub> এই অক্সাইডগুলোর মধ্যে কোনগুলো উভধর্মী অক্সাইড? [Ans: d][KUET'17-18]  
 (a) Mn<sub>2</sub>O<sub>7</sub>, Cr<sub>2</sub>O<sub>3</sub> and V<sub>2</sub>O<sub>5</sub> (b) V<sub>2</sub>O<sub>5</sub> and V<sub>2</sub>O<sub>4</sub>  
 (c) CrO<sub>3</sub>, Cr<sub>2</sub>O<sub>3</sub>, V<sub>2</sub>O<sub>5</sub> and V<sub>2</sub>O<sub>4</sub> (d) Cr<sub>2</sub>O<sub>3</sub> and V<sub>2</sub>O<sub>5</sub>  
 (e) Mn<sub>2</sub>O<sub>7</sub>, Cr<sub>2</sub>O<sub>3</sub>, CrO<sub>3</sub>, V<sub>2</sub>O<sub>5</sub> and V<sub>2</sub>O<sub>4</sub>
02. নিচের অক্সাইডগুলোর মধ্যে কোনটি পাইরেক্স গ্লাস তৈরী করতে ব্যবহৃত হয়? [Ans: d][BUET'12-13]  
 (a) Al<sub>2</sub>O<sub>3</sub> (b) SiO<sub>2</sub> (c) LiO<sub>2</sub> (d) B<sub>2</sub>O<sub>3</sub>
03. Be, Mg, Ca, Sr, Ba, Ra মৌলসমূহ পর্যায় সারণীর কোন গ্রুপের অন্তর্ভুক্ত এবং তারা কী ধরনের অক্সাইড তৈরি করে? [Ans: b][RUET'12-13]  
 (a) গ্রুপ-II এবং অম্লীয় অক্সাইড (b) গ্রুপ-II এবং ক্ষারীয় অক্সাইড  
 (c) গ্রুপ-I এবং অম্লীয় অক্সাইড (d) গ্রুপ-IV এবং ক্ষারীয় অক্সাইড  
 (e) গ্রুপ-IV এবং অম্লীয় অক্সাইড
04. কোন অক্সাইড পানির সাথে মিশালে সর্বাধিক অম্লীয় দ্রবণ তৈরী করে? [BUET'11-12]  
 (a) CO (b) CO<sub>2</sub> (c) SiO<sub>2</sub> (d) P<sub>2</sub>O<sub>5</sub>  
 সমাধান: (d); P<sub>2</sub>O<sub>5</sub> + 3H<sub>2</sub>O → 2H<sub>3</sub>PO<sub>4</sub>
05. নিচের কোনটি উভধর্মী অক্সাইড? [Ans: d][CUET'11-12]  
 (a) CO<sub>2</sub> (b) NO<sub>2</sub> (c) B<sub>2</sub>O<sub>3</sub> (d) None of these
06. কোনটি নিরপেক্ষ অক্সাইড? [Ans: d][CUET'10-11]  
 (a) PbO<sub>2</sub> (b) BaO<sub>2</sub> (c) Fe<sub>2</sub>O<sub>3</sub> (d) None of these

## Written



07. নিচের অক্সাইডগুলোকে অম্লীয়, ক্ষারীয়, উভধর্মী, পার-অক্সাইড এবং সুপার অক্সাইড হিসেবে শ্রেণিভেদ কর। [BUET'10-11]  
 (i) KO<sub>2</sub> (ii) BaO<sub>2</sub> (iii) SiO<sub>2</sub> (iv) SnO (v) BaO  
 সমাধান: (i) KO<sub>2</sub> তে অক্সিজেনের জারণমান = - $\frac{1}{2}$  বলে সুপারঅক্সাইড  
 (ii) BaO<sub>2</sub> তে অক্সিজেনের জারণমান = -1 বলে পারঅক্সাইড  
 (iii) SiO<sub>2</sub> + H<sub>2</sub>O → H<sub>2</sub>SiO<sub>3</sub>; তাই অম্লীয় অক্সাইড  
 (acid)  
 (iv) SnO + H<sub>2</sub>SO<sub>4</sub> → SnSO<sub>4</sub> + H<sub>2</sub>O; SnO + 2NaOH → Na<sub>2</sub>SnO<sub>2</sub> + H<sub>2</sub>O; তাই SnO উভধর্মী।  
 (base) (acid) (Salt) (acid) (base) (Salt)  
 (v) BaO + H<sub>2</sub>O → Ba(OH)<sub>2</sub>; তাই ক্ষারকীয় অক্সাইড।







08. একটি উভধর্মী অক্সাইড এর নাম লেখ।

[BUTEX'09-10]





09. নিচের অক্সাইডগুলোর ক্ষারীয় ধর্মের উপর মন্তব্য কর।  $\text{Al}_2\text{O}_3$ ,  $\text{SO}_2$  and  $\text{Na}_2\text{O}$ .

[BUET'02-03]



$\therefore \text{Al}_2\text{O}_3$  (উভধর্মী)



### Question Type-04: d – ব্লক মৌল, অবস্থান্তর মৌল

#### Concept:

যে সব d-ব্লক মৌলের সুস্থিত আয়নের ইলেকট্রন বিন্যাসে d-অরবিটাল ইলেকট্রন দ্বারা আংশিক পূর্ণ ( $d^{1-9}$ ) থাকে তাদেরকে অবস্থান্তর মৌল বলে।

অবস্থান্তর মৌলসমূহ কিছু বৈশিষ্ট্য প্রদর্শন করে থাকে। যেমন –

(i) পরিবর্তনশীল জারণ অবস্থা

(ii) প্রভাবকরূপে ক্রিয়া করে

(iii) জটিল আয়ন গঠন করে

(iv) রঙিন যৌগ গঠন করে

(v) প্যারাচুম্বকত্ব ধর্ম প্রদর্শন করে থাকে।

#### MCQ

01. নিচের অবস্থান্তর মৌলের আয়নের সিরিজের কোন সিরিজে সকল অবস্থান্তর আয়ন সমূহের  $3d^2$  ইলেকট্রনিক কনফিগারেশন আছে?  
(a)  $\text{Ti}^{3+}, \text{V}^{2+}, \text{Cr}^{3+}, \text{Mn}^{4+}, \text{Fe}^{3+}$  (b)  $\text{Ti}^+, \text{Cr}^{6+}, \text{V}^{4+}, \text{Mn}^{7+}, \text{Fe}^{2+}$  [Ans: e] [KUET' 17-18]  
(c)  $\text{Cr}^{4+}, \text{V}^{3+}, \text{Ti}^{4+}, \text{Fe}^{6+}, \text{Mn}^{3+}$  (d)  $\text{Ti}^{2+}, \text{V}^{3+}, \text{Cr}^{3+}, \text{Mn}^{5+}, \text{Fe}^{5+}$   
(e)  $\text{Ti}^{2+}, \text{V}^{3+}, \text{Cr}^{4+}, \text{Mn}^{5+}, \text{Fe}^{6+}$
02. Which one of the following properties is not the general property of d-block element? [Ans: d] [IUT' 16-17]  
(a) All the d- block elements are heavy metals.  
(b) d-block metals have high melting point and high boiling point.  
(c) The ionization energy of d- block element is higher than that of s- block element.  
(d) d-block metals are more electropositive than s- block metals.
03. নিম্নের কোনটি অবস্থান্তর মৌল? [Ans: b, c] [RUET'14-15]  
(a)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^1 4s^2$  (b)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^2 4s^2$   
(c)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^6 4s^2$  (d)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2$  (e) None
04. নিচের যৌগগুলির মধ্যে কোনটি জটিল যৌগ? [Ans: b] [CUET'14-15]  
(a)  $\text{CH}_3\text{COCl}$  (b)  $[\text{Ag}(\text{NH}_3)_2]\text{Cl}$  (c)  $\text{Ca}(\text{OCl})\text{Cl}$  (d)  $(\text{CH}_3\text{CO})_2\text{O}$
05. কয়েকটি ধাতব যৌগের d-অরবিটালের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপ। কোন যৌগটি বেশি প্যারাম্যাগনেটিক হবে?  
(a) 2, 2, 2, 2, 1 (b) 1, 1, 1, 1, 1 (c) 2, 1, 1, 1, 1 (d) 2, 2, 1, 1, 1 [BUET'13-14]  
সমাধান: (b); কারণ এই কনফিগারেশনে সর্বাধিক অযুগ্ম  $e^-$  বিদ্যমান
06. নিচের কোন যৌগে আয়নের জারণমান সর্বনিম্ন? [BUTEX'13-14]  
(a)  $\text{K}_4[\text{Fe}(\text{CN})_6]$  (b)  $\text{K}_2\text{FeO}_4$  (c)  $\text{Fe}_2\text{O}$  (d)  $\text{Fe}(\text{CO})_5$   
সমাধান: (d);  $\text{Fe}(\text{CO})_5$  এ  $\text{Fe} = 0$





07. কোনটি ফেরোম্যাগনেটিক মৌল?

- (a) Ti (b) V (c) Cr (d) Co

সমাধান: (d); Fe, Ni, Co কে ফেরোম্যাগনেটিক হিসেবে ধরা হয়।

[BUTEX'13-14]

08.  $4s^2 3d^7$  যোজনী শেল ইলেকট্রন বিন্যাস বিশিষ্ট মৌল সম্পর্কে কোন উক্তিটি ভুল?

- (a) স্থিতিশীল অক্সাইড MO এবং  $M_3O_4$  গঠন করে (b) মৌলটি অবস্থান্তর মৌল  
(c) মৌলটি রঙিন বস্তু গঠন করে (d) মৌলটি গ্রুপে VIIB -এ অবস্থিত  
(e) মৌলটির সংকেত হল

সমাধান: (d); প্রশ্নে উল্লেখিত মৌলটি Co এবং তা Gr VIII এর অন্তর্ভুক্ত।

[KUET'12-13]

09. নিচের কোনটি d-ব্লকের মৌল?

- (a) Hg (b) As (c) In (d) Sn (e) Rn

সমাধান:  $Hg(80) = 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^{10} 4s^2 4p^6 4d^{10} 4f^{14} 5s^2 5p^6 5d^{10} 6s^2$

[Ans: a] [RUET'12-13]

10. নিচের কোনটি ডায়াম্যাগনেটিক?

- (a) Ti (b) V (c) Ni (d) Zn

সমাধান: Zn কারণ তা d ব্লক মৌল নয়।

[Ans: d] [BUTEX'12-13]

11. নিচের কোন মৌলটি d-ব্লক মৌল?

- (a) Ni (b) Na (c) Al (d) None of these

[Ans: a] [CUET'11-12]

12. Which of the following d-block elements contain one 4s electron?

- (a) Mn (25) (b) Fe (26) (c) Ni (28) (d) Cu (29)

[Ans: d] [IUT'10-11]

### Written

13. পর্যায় সারণিতে d - ব্লক মৌলসমূহের সংখ্যা কতটি?

সমাধান: 41 টি

[BUET'19-20]

14. প্যারাম্যাগনেটিক, ফেরোম্যাগনেটিক ও ডায়াম্যাগনেটিক পদার্থ বলতে কি বুঝ? d -ব্লকের মৌলসমূহ কোন ধরণের? [RUET'11-12]

সমাধান: যে সকল পদার্থকে চৌম্বকক্ষেত্রে স্থাপন করা হলে ক্ষেত্রের বিপরীত দিকে সামান্য চৌম্বকত্ব লাভ করে তাদের ডায়াম্যাগনেটিক পদার্থ বলে। আর যদি চৌম্বকায়নকারী ক্ষেত্রের দিকে সামান্য চৌম্বকত্ব লাভ করে তাহলে প্যারাম্যাগনেটিক পদার্থ বলে। আর যে সব পদার্থকে চৌম্বক ক্ষেত্রে স্থাপন করলে চৌম্বকায়নকারী ক্ষেত্রের দিকে শক্তিশালী চৌম্বকত্ব লাভ করে তাদের ফেরোম্যাগনেটিক বলা হয়। d ব্লক মৌলসমূহ সাধারণত প্যারাম্যাগনেটিক বা ফেরোম্যাগনেটিক ধরনের।

15. (a) পর্যায় সারণিতে কতটি d -ব্লক মৌল আছে? পর্যায় সারণিতে এই শ্রেণীর প্রথম ও শেষ মৌল দুটির নাম, সংকেত এবং পারমাণবিক সংখ্যা লিখ।

[BUET'02-03]

(b) নিচের d -ব্লক মৌলগুলির কোনগুলোর অবস্থান্তর ধাতু নয় এবং কেন? Co, Zn and Fe

সমাধান:

(a) পর্যায় সারণিতে 41 টি d - block মৌল আছে। প্রথম মৌল স্ক্যান্ডিয়াম, পারমাণবিক সংখ্যা 21, সংকেত (Sc), শেষ মৌল কোপারনিসিয়াম (Cn), পারমাণবিক সংখ্যা 112।

(b) Zn অবস্থান্তর মৌল নয়। কারণ Zn এর বহিঃস্থ d অরবিটাল 10 টি ইলেকট্রন দ্বারা পূর্ণ এবং Zn -এর সুস্থিত  $Zn^{2+}$  আয়নের অরবিটাল ইলেকট্রন দ্বারা পূর্ণ।

16. (a) অবস্থান্তর মৌলসমূহের সাধারণ ইলেকট্রন বিন্যাস লিখ।

[BUET'00-01]

(b) সর্বোচ্চ কতগুলি অ্যামোনিয়া অণু কোবাল্ট আয়নের সাথে যুক্ত হতে পারে এবং কেন?

সমাধান: (a) অবস্থান্তর মৌলসমূহের সাধারণ ইলেকট্রন বিন্যাসঃ  $(n-1)d^{1-9} ns^{1-2}$  (শেষ দুই স্তরের)

(b)  $Co^{3+}$  এর সর্বোচ্চ জারণ মান 3। অর্থাৎ, এর সন্নিবেশ সংখ্যা  $3 \times 2 = 6$ । তাই সর্বোচ্চ 6 টি অ্যামোনিয়া অণু সন্নিবেশ বন্ধনের মাধ্যমে কোবাল্ট আয়নের সাথে যুক্ত হতে পারে।





## Question Type-05: পর্যায়বৃত্ত ধর্ম

## Concept:

- পর্যায় সারণিতে একই পর্যায় বরাবর বাম হতে ডানে গেলে:



- পর্যায় সারণিতে গ্রুপ বরাবর উপর হতে নিচে নামলে:



- আয়নিকরণ শক্তির ক্ষেত্রে, গ্রুপ 2 > গ্রুপ 13 এবং গ্রুপ 15 > গ্রুপ 16
- হ্যালোজেন সমূহের ইলেকট্রন আসক্তির ক্রম: Cl > F > Br > I
- হ্যালোজেন সমূহের তড়িৎ ঋণাত্মকতার ক্রম: F > Cl > Br > I
- গ্রুপ 16 এর ইলেকট্রন আসক্তির ক্রম: S > Se > Te > Po > O

## MCQ

01. নিম্নলিখিত species এর মধ্যে ১ম আয়নিকরণ শক্তির ক্রম হলো- [CKRUET'20-21]  
 (a)  $O_2 < O_2^+ < O_2^-$  (b)  $O_2^+ < O_2^- < O_2$  (c)  $O_2^- < O_2 < O_2^+$  (d)  $O_2 < O_2^- < O_2^+$  (e) None of them  
 সমাধান: (c);  $O_2^+$  এর ক্ষেত্রে,  $e^-$  অপসারণ করতে সর্বাধিক শক্তি প্রয়োজন। অন্যদিকে,  $O_2^-$  এর  $e^-$  অপসারণ করলে সর্বনিম্ন শক্তি প্রয়োজন। তাই, আয়নিকরণ শক্তির ক্রম:  $O_2^- < O_2 < O_2^+$
02. According to the order of electronegativity, which of the following is correct? [Ans: d][IUT'20-21]  
 (a) F > Cl > I > Br (b) Br < F < Cl < I (c) I > Br > Cl > F (d) I < Br < Cl < F
03. Which one of the following properties is not the general property of p-block element? [IUT'19-20]  
 (a) Most of the p-block elements are electronegative nonmetals.  
 (b) In a period from left to right reducing property of the element decreases gradually.  
 (c) In a period from left to right oxidizing property of the element decreases gradually.  
 (d) In a period from left to right atomic size of the elements decreases gradually.  
 Solution: (c); The oxidizing property increases from left to right along a period.
04. Which of the following statement is not true? [Ans: c][IUT'17-18]  
 (a) Increase of atomic size decreases electron affinity.  
 (b) Increase of nuclear charge increases electron affinity.  
 (c) Increase of electron density in valence shell increases electron affinity.  
 (d) Increase of suborbit increases ionisation energy.





05. N, O, F এর দ্বিতীয় আয়নীকরণ শক্তির সঠিক ক্রম কোনটি? [BUTEX'16-17]  
 (a)  $N > O > F$  (b)  $O > F > N$  (c)  $F > O > N$  (d)  $N > F > O$   
 সমাধান: (b);  $N^+(7): 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^0$   
 $O^+(8): 1s^2 2s^2 2p_x^1 2p_y^1 2p_z^1$ ;  $F^+(9): 1s^2 2s^2 2p_x^2 2p_y^1 2p_z^1$   
 $O^+$  -এর p-orbital অর্ধপূর্ণ হওয়ায়  $O^+$  অধিকতর স্থিতিশীল হবে।  $\therefore O^+ > F^+ > N^+$
06. Which one of the following groups is not true in the case of electro-negativity order? [Ans: c] [IUT'16-17]  
 (a)  $F > Cl > Br > I$  (b)  $Br > Te > Sb > Sn$   
 (c)  $Ga > Pb > In > Cd$  (d)  $O > N > C > B$
07. Among four elements with following electron distributions of the 2<sup>nd</sup> period which has largest atomic radius? [Ans: a] [IUT'14-15]  
 (a)  $1s^2 2s^1$  (b)  $1s^2 2s^2$  (c)  $1s^2 2s^2 2p^1$  (d)  $1s^2 2s^2 sp^2$
08. কোন উক্তিটি সত্য নয়? [Ans: e] [KUET'13-14]  
 (a) বোরনের আয়নীকরণ বিভব বেরিলিয়াম অপেক্ষা কম  
 (b) ফ্লোরিনের ইলেকট্রন আসক্তি ক্লোরিন অপেক্ষা কম  
 (c) অক্সিজেনের আয়নীকরণ বিভব নাইট্রোজেন অপেক্ষা কম  
 (d)  $AlCl_3$  এর জলীয় দ্রবণ অম্লধর্মী  
 (e) ইলেকট্রন আসক্তি একটি পর্যায়বৃত্ত ধর্ম নয়
09. Xe এর স্ফুটনাঙ্ক কত? [Ans: a] [RUET'13-14]  
 (a) 165.05K (b) 87.02K (c) 119.70K (d) 317.15K (e) None
10. গ্যাসীয় অবস্থায় নিরপেক্ষ পরমাণুতে একটি ইলেকট্রন যোগ করলে যে শক্তির পরিবর্তন হয় তাকে বলা হয়- [Ans: c] [BUET'12-13]  
 (a) ইলেকট্রনেগেটিভিটি (b) আয়নীকরণ বিভব (c) ইলেকট্রন আসক্তি (d) আয়নীকরণ শক্তি  
 সমাধান: According to the definition of electron affinity.
11. হীরক-এর উচ্চ গলনাংক ব্যাখ্যা করার জন্য নিচের কোন যুক্তিটি ভুল? [Ans: c] [KUET'12-13]  
 (a) হীরক কেলাস একটি বৃহৎ অণু  
 (b) হীরক অণুতে সমযোজী C – C বন্ধনগুলো দৃঢ়  
 (c) হীরকের মধ্যে আন্তঃআনবিক আকর্ষণ বল অত্যন্ত তীব্র  
 (d) হীরক গলানোর জন্য সমযোজী বন্ধন ভাঙ্গা প্রয়োজন হয়  
 (e) হীরক সকল কারণগুলো  $sp^3$  সংকরায়িত  
 সমাধান: হীরকের মধ্যে আন্তঃআনবিক আকর্ষণ বল তীব্র নয় কারণ তা সমযোজী।
12. সবচেয়ে তড়িৎ ঋণাত্মকতার মৌলটি হল- [Ans: b] [RUET'12-13]  
 (a)  $1s^2 2s^2 2p^4 3s^1$  (b)  $1s^2 2s^2 2p^5$  (c)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^5$   
 (d)  $1s^2 2s^2 2p^6 3s^2 3p^2$  (e) None  
 সমাধান: ফ্লোরিন ( $1s^2 2s^2 2p^5$ ) সবচেয়ে তড়িৎ ঋণাত্মক মৌল।
13. নিচের কোনটির তড়িৎ ঋণাত্মকতা সবচেয়ে বেশি? [Ans: c] [BUET'10-11]  
 (a) Si (b) P (c) S (d) Sn
14. পর্যায় সারণিতে কোন একটি পর্যায়ের বাম হতে ডান দিকে অগ্রসর হলে আয়নীকরণ বিভব বেড়ে যায়, কারণ--  
 (a) নিউক্লিয়ার চার্জ বাড়ে (b) ইলেকট্রন সংখ্যা বাড়ে (c) অণুর আকার বাড়ে (d) None
15. The most active metal is- [Ans: a] [CUET'10-11]  
 (a) Na (b) Fe (c) Hg (d) Cs [Ans: d] [IUT'10-11]





## Written

16. উদ্দীপকটি লক্ষ্য কর এবং 'a' ও 'b' নং প্রশ্নের উত্তর দাও:

[BUTEX'18-19]

Group \ Period	16	17
2	W	Y
3	X	Z

(a) Z এর ইলেকট্রন আসক্তি Y অপেক্ষা অধিক কেন?

সমাধান: গ্রুপ- 16 ও 17 এ শেষস্তরে যথাক্রমে  $p^4$  ও  $p^5$  হয়।

$W \rightarrow 2p^4$  (O);  $Y \rightarrow 2p^5$  (F);  $X \rightarrow 3p^4$  (S);  $Z = 3p^5$  (Cl)


Z হল Cl ও Y হল F। F এর আকার ছোট, তাই চার্জ ঘনত্ব বেশি। তাই নতুন  $e^-$  কে বহিঃস্তরে আনতে তীব্র বিকর্ষণ বলের বিপরীতে কাজ করতে হয়। তাই F এর  $e^-$  আসক্তি Cl অপেক্ষা কম।

(b) স্বাভাবিক তাপমাত্রায়  $H_2W$  তরল কিন্তু  $H_2X$  গ্যাসীয় কেন?

সমাধান: W হল O; X হল S।

H বন্ধনের কারণেই  $H_2O$  তরল কিন্তু  $H_2S$  গ্যাস।

O (3.5) এর তড়িৎ ঋণাত্মকতা S (2.5) অপেক্ষা বেশি। তাই  $H_2O$  এ O ও H এর তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য 1.4 হওয়ায় H – O বন্ধনের  $e^-$  সমূহকে O নিজের দিকে আকর্ষণ করে। ফলে  $H_2O$  অণুতে O প্রান্তে  $\delta^-$  চার্জের সৃষ্টি হয়। অপরদিকে H প্রান্তে  $\delta^+$  চার্জের সৃষ্টি হয়।  $H_2S$  এ তা হয় না। কারণ S ও H এর তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য মাত্র 0.4। এখন  $H_2O$  অণুসমূহ চিত্রের ন্যায় কাঠামো গঠন করে তরল অবস্থায় থাকে। পক্ষান্তরে,  $H_2S$  হয় বাষ্প।



17. (a) K, Li, Cs এবং Rb কে তাদের ধাতব ধর্মের নিম্নক্রমানুসারে সাজাও।

[RUET'11-12]

সমাধান: গ্রুপ- 1 এ উপর থেকে নিচে গেলে আকার বাড়ে ও ধাতব ধর্ম বৃদ্ধি পায়।  $Cs > Rb > K > Li$

(b) C, F, N এবং O কে তাদের আয়নিক বিভবের উচ্চক্রমানুসারে সাজাও।

সমাধান: আকার কমলে আয়নীকরণ শক্তি বাড়ে, আবার N, O এ  $N(2p^3)$  অর্ধপূর্ণ বলে N এর আয়নীকরণ শক্তি বেশি।

$C < O < N < F$

18. হ্যালোজেনসমূহের গলনাংকের ক্রম কী?

[BUTEX'10-11]

সমাধান:  $I_2 > Br_2 > Cl_2 > F_2$ ; গ্রুপ- 17 এ আণবিক ভর বাড়লে ভ্যানডারওয়ালস বল বাড়ে, তাই গলনাংক বাড়ে।

19. দ্বিতীয় ইলেকট্রন আসক্তি কি তাপ উৎপাদী না তাপহারী? যুক্তি দেখাও।

[BUET'05-06]

সমাধান: তাপহারী। কেননা একটি ঋণাত্মক আয়নের নিকট ঋণাত্মক আধানবিশিষ্ট ইলেকট্রন আনতে কাজ করতে হবে। সুতরাং এক্ষেত্রে শক্তি প্রদান করতে হবে।

20. প্রথম আয়নীকরণ শক্তি বলতে কী বুঝায়? পারমাণবিক সংখ্যা 11 এবং পারমাণবিক ভর 23 বিশিষ্ট কোন মৌলের পরমাণুর

(i) কয়টি ইলেকট্রন

(ii) কয়টি শক্তিস্তর

(iii) কয়টি উপশক্তি স্তর এবং

(iv) কয়টি অরবিটাল থাকে তা প্রতীকের সাহায্যে প্রকাশ কর।

সমাধান: গ্যাসীয় অবস্থায় কোন মৌলের এক মোল বিচ্ছিন্ন পরমাণু থেকে একটি ইলেকট্রন সরিয়ে একে গ্যাসীয় বিচ্ছিন্ন এক মোল ধনাত্মক আয়নে পরিণত করতে যে পরিমাণ শক্তির প্রয়োজন তাই প্রথম আয়নীকরণ শক্তি।

[CUET'03-04]

ইলেকট্রন-11টি, শক্তিস্তর-3টি, উপশক্তিস্তর-8টি, অরবিটাল-6টি।  $1s^2 2s^2 2p^6 3s^1$





## Question Type-06: রাসায়নিক বন্ধন

## Concept:

	আয়নিক বন্ধন	সমযোজী বন্ধন
সংজ্ঞা	ধাতু ও অধাতু পরমাণুর যোজ্যতাস্তরে ইলেকট্রন প্রদান ও গ্রহণের মাধ্যমে নিকটস্থ নিষ্ক্রিয় মৌলের মতো অধিক স্থায়ী ইলেকট্রন বিন্যাস অর্জন করে যথাক্রমে ধনাত্মক আয়ন ও ঋণাত্মক আয়ন সৃষ্টি সহকারে যে বন্ধন গঠন করে তাকে আয়নিক বন্ধন বলে।	রাসায়নিক পরিবেশে অধাতব পরমাণুসমূহ প্রত্যেকে সমসংখ্যক ইলেকট্রন যোগান দিয়ে প্রথমে 'ইলেকট্রন-যুগল' গঠন করে এবং পরে ঐ 'ইলেকট্রন-যুগল' উভয় পরমাণু 'শেয়ার করে' নিকটস্থ নিষ্ক্রিয় মৌলের মতো ইলেকট্রন বিন্যাস লাভ করে বন্ধনে আবদ্ধ হয়; এরূপ বন্ধনকে সমযোজী বন্ধন বলে।
শর্ত	(i) প্রথম মৌলের (ধাতু) নিম্ন আয়নীকরণ শক্তি। (ii) দ্বিতীয় মৌলের (অধাতু) উচ্চ ইলেকট্রন আসক্তি। (iii) গঠিত যৌগের উচ্চ ল্যাটিস শক্তি।	অধাতব পরমাণুর যোজ্যতাস্তরে অযুগ্ম ইলেকট্রন থাকতে হবে।
যৌগের বৈশিষ্ট্য	(i) গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক খুব বেশি হয়। (ii) এরা অনুদ্বায়ী। (iii) কঠিন অবস্থায় বিদ্যুৎ অপরিবাহী কিন্তু বিগলিত বা দ্রবীভূত অবস্থায় বিদ্যুৎ পরিবহন করে। (iv) বিক্রিয়ার গতি দ্রুত। (v) রাসায়নিক বিক্রিয়ায় আয়নিক যৌগের আয়নসমূহ তাদের স্বকীয়তা বজায় রাখে। (vi) বিভিন্ন আয়নিক যৌগের আয়নসমূহের ইলেকট্রনিক গঠনের সাদৃশ্যের সাথে এদের স্ফটিক গঠনের মিল রয়েছে। এই মিলকে সমরূপতা (Isomorphism) বলে।	(i) সমযোজী যৌগসমূহের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক অনেক কম এবং তারা উদ্বায়ী হয়। (ii) যে সব পদার্থের আণবিক ভর অত্যধিক বেশি তাদের অণুকে দৈত্যাকার অণু বলা হয়। স্বাভাবিকভাবেই সে সব সমযোজী যৌগের গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক অত্যধিক বেশি। উদাহরণ: $\text{SiO}_2$ , $\text{SiC}$ (সিলিকন কার্বাইড), সিলিকোন ( $\text{R}_2\text{SiO}$ )। (iii) সমযোজী যৌগসমূহ সাধারণত অপোলার দ্রাবকে (যেমন জৈব দ্রাবকে) দ্রবণীয় এবং পোলার দ্রাবকে (যেমন পানিতে) অদ্রবণীয়।

সমযোজী বন্ধন ২ প্রকার। যথা: (ক) সিগমা বন্ধন, (খ) পাই বন্ধন

